দৈনিক জনকণ্ঠ

13.1 DEC 2016
তারিখ 29 DEC 2016 পৃষ্ঠা 28 কলাম 6

# শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ আবেদনের টাকা নিয়ে উধাও

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** নির্ধারিত ফি দিয়ে চাকরির জন্য আবেদন করেছেন কয়েক শ' প্রার্থী। শুক্রবার সকালে হবার কথা ইন্টারভিউ। কিন্তু প্রার্থীরা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসে গেটে দেখতে পান তালা। আবেদনের টাকা নিয়ে সটকে পড়েছেন নিয়োগকারীরা। ঘটনাটি ঘটেছে নগরীর জামালখান এলাকায় অবস্থিত অরবিট ক্যাডেট স্কুল এন্ড কলেজে। একটি শিক্ষা প্রতিষ্ঠানে এমন প্রতারণায় ক্ষুব্ধ এবং হতবাক আবেদনকারীরা। তারা বিষয়টি অবহিত করে প্রতিকার চান সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিনের কাছে। মেয়র বিষয়টি দেখবেন বলে আশ্বস্ত করেন। অরবিট ক্যাডেট স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ মোট ১০টি পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দেয়। বিভিন্ন পত্রিকা এবং অনলাইনে এ বিজ্ঞপ্তি প্রচারিত হয়। পদ অনুসারে আবেদন ফি ২০০ টাকা থেকে ৭০০ টাকা পর্যন্ত। প্রতারিত একজন জানান, সহস্রাধিক আবেদনপত্র জমা পড়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী শুক্রবার ছিল নিয়োগ পরীক্ষার সময়সূচী। ১০টায় পরীক্ষা শুরু হবে বিধায় ৯টা থেকেই আগ্রহীরা আসতে থাকেন। কিন্তু এসে দেখতে পান তালা ঝুলছে। পরীক্ষার সময় হয়ে যাওয়ার পরও তালা না খোলায় তাদের মধ্যে শঙ্কার সৃষ্টি হয়। তারা স্কুলের কাউকে না পেয়ে যোগাযোগ করেন বাড়ির মালিকের সঙ্গে। মালিক জানান, তিন বছর ধরে ঐ প্রতিষ্ঠানের ভাড়া বাকি। তাই ঐ স্কুল কর্তৃপক্ষকে বের করে দেয়া হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে বাড়ির মালিক কিছুই জানেন না বলে চাকরি প্রার্থীদের অবহিত করেন। প্রতারিত চাকরি প্রার্থীরা ছুটে আসেন চট্টগ্রাম প্রেস ক্লাবের সামনে। চট্টগ্রাম সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন এসেছিলেন প্রেসক্লাবের দ্বিবার্ষিক সম্মেলনে। তারা মেয়রকে এ প্রতারণার বিষয়টি অবহিত করে প্রতিকার চান। জবাবে সিটি মেয়র ঘটনাটি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে আশ্বাস দেন।